# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**13 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

================================================================

১) সোনাপুরের কচুতলিতে বেআইনীভাবে বসতি স্থাপন করার পরক্ষে একটি দালাল চক্র কাজ করছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার মন্তব্য।

২) আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা বোর্ডের অধ্যক্ষ হিসেবে আই এ এস আধিকারিক রমেশ চান্দ জৈন ও উপাধ্যক্ষ হিসেবে রুক্ম গোঁহাই বরুয়ার শপথগ্রহন।

৩) অনলাইন ট্রেডিং কেলেঙ্কারিতে জড়িত দুই অভিযুক্তকে গ্রেফতারের পর থানার পরিবর্তে ডিব্রুগড় জিমখানায় নিয়ে যাওয়া সম্পর্কে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার তদন্তের ঘোষণা।
এবং

৪) আসাম বিশ্ববিদ্যালয়ের ২১ তম সমাবর্তনে প্রবীন বিজেপি নেতা কবীন্দ্র পুরকায়স্থ সহ তিনজন বিশিষ্ট ব্যক্তিকে ডক্টরেট ডিগ্রী প্রদান।

---

সোণাপুরের কচুতলিতে গতকাল সৃষ্টি হোয়া পরিস্থিতি সম্পর্কে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেন যে ঐ স্থানে বে আইনীভাবে বসতি স্থাপন করার পরোক্ষে একটি দালাল চক্র কাজ করছে বলে তথ্য প্রকাশিত হয়েছে । প্রশাসন খুব শীঘ্র দালাল চক্রটিকে শনাক্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ।মুখ্যমন্ত্রী বলেন যে

জনজাতি লোকেদের জমি সুরক্ষার ক্ষেত্রে সরকার আপোস করবেনা ।আইনী প্রক্রিয়ায় উচ্ছেদ চালিয়ে যাওয়া হবে ।অন্যদিকে ট্রাইবেল বেল্ট এন্ড ব্লক আইন কংগ্রেস সরকার প্রবর্তন করেছিল বলে তিনি উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------

আসাম পুলিশের সঞ্চালক প্রধান জি পি সিং আজ গৌহাটীর কাছে সোণাপুরের কচুতলীতে উপস্থিত হয়ে  অঞ্চলটিতে অবৈধভাবে দখল করা জমি উচ্ছেদকে কেন্দ্র করে সৃষ্টি হোয়া উত্তেজনাময় পরিস্থিতির খোজ নেন ।জেলা উপায়ুক্তের সংগে পরিস্থিতির পর্যালোচনা করে শ্রী সিং জনজাতী অধ্যুষিত জমি অবৈধভাবে দখল করা লোকেদের উচ্চেদ করা হয়েছে বলে জানান ।

উল্লেখ্য সোণাপুরের কচুতলীতে গতকাল জমি উচ্ছেদকে কেন্দ্র করে সৃষ্টি হোয়া সংঘর্ষে দুই ব্যাক্তি নিহত হোয়া সহ পুলিশ সহ ২২ জন সরকারী আধিকারিক আহত হন । এ সম্পর্কে পুলিশ ইতিমধ্যে বেশ কয়েকজন লোককে আটক করেছে । প্রশাসন সেই অঞ্চলটি থেকে সরে যেতে আগে বিজ্ঞপ্তী জারি করেছিল যদি ও লোকেরা সেই জমি থেকে না যাওয়ায় পুলিশ প্রশাসন উচ্ছেদ অভিযান চালিয়েছিল । কিন্তু একাংশ লোক উচ্ছেদে বাধ্য দেওয়ার ফলে এই উত্তপ্ত পরিস্থিতির সৃষ্টি হয় ।

---------------------------------------------------------------------------------------

নির্বাচন সম্পর্কীত বিভিন্ন বিষয়ের প্রচারে সহায়ক হতে তথা ভোটারদের আকর্ষিত করতে আজ আসামের মূখ্য নির্বাচনী আধিকারিকের কার্যালয়ে দুটি ম্যাসকট ও একটি লোগো উন্মোচন করা হয়েছে । আসামের কৃষ্টি-সংস্কৃতির সঙ্গে সঙ্গতি রেখে প্রস্তুত করা নাড়ু ও পিঠা প্রতীকের এই দুটি ম্যাসকট  আসামের মূখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল উন্মোচন করেন ।সেইসঙ্গে মূখ্য নির্বাচনী আধিকারিকের কার্যালয়ের একটি লোগোও তিনি উন্মোচন করেন । রাজ্যের মূখ্য নির্বাচনী আধিকারিক বলেন যে আসামের কৃষ্টি সংস্কৃতিকে অর্ন্তভুক্ত করে প্রস্তুত করা ম্যাসকট দুটি জনসাধারণের মধ্যে সহজে নির্বাচনী বার্তা পৌছাতে পারবে ।

---------------------------------------------------------------------------------------

অনলাইন ট্রেডিং কেলেংকারী মামলায় জড়িত সুমি বরা ও তার্কিক বরাকে পুলিশ গ্রেপ্তারের পর থানায় নিয়ে যাওয়ার পরিবর্তে ডিব্রুগড়ের জিমখানাতে নিয়ে যাওয়া  ও সেই স্থানে একটি ব্যাক্তিগত চ্যানেলে সাক্ষাৎকার গ্রহণ করা বিষয় সম্পর্কে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্ম্মা তদন্তের নির্দেশ দিয়েছেন ।এই বিষয় নিয়ে মুখ্যমন্ত্রী পুলিশ সঞ্জালক প্রধানের সংগে ও আলোচনা করেছেন ।

এদিকে রাজ্যের বিরোধী ঐক্যমঞ্চ অনলাইন ট্রেডিং কেলেংকারী সম্পর্কে উচ্চতম ন্যায়লের একজন বিচারপতির তত্বাবধানে সি বি আইর তদন্ত দাবী করেছে ।আজ গৌহাটীতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বিরোধী ঐক্যমঞ্চের নেতা লুরিণজ্যোতি গগৈ , অজিত ভুইয়া ,ও রকিবুল হুসেইন এই দাবী উত্থাপন করেন ।নেতারা এই কেলেংকারীর অভিযোগে জড়িত থাকা লোকেদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবী জানানো সহ  জনসাধারণ যাতে তাদের অর্থ ফিরে পায় সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়েছেন । ঘটনা সম্পর্কে আসাম পুলিশের বিশেষ তদন্তকারী গোষ্ঠী তদন্ত অব্যাহত রেখেছে ।

এদিকে অনলাইন ট্রেডিং মামলায় অভিযুক্ত সুমি বরা ও তার স্বামী তার্কিক বরাকে ডিব্রুগড় পুলিশ জিম্মায় নেওয়ার পর তাদেরকে জিজ্ঞাসাবাদ চালিয়ে যাওয়া হচ্চে ।এদিকে গতকাল গৌহাটী পুলিশ বরঝার গোপীনাথ বরদলৈ আর্ন্তজাতিক বিমান বন্দরে আরো দুজন অবৈধ অর্থ লেনদেন কাজের সঁংগে জড়িত মাইনাও ব্রহ্ম ও দীপাংকর ভট্টকে গ্রেপ্তার করে মুসলপুর পুলিশ সম্প্রতি নিজের জিম্মায়  রেখে জেরা অব্যাহত রেখেছে ।

---------------------------------------------------------------------------------------

বর্তমানের শিক্ষা ব্যাবস্থা ছাত্র ছাত্রীর সামগ্রিক উন্নয়নে গুরুত্বারোপ করা সহ তাদের সবলীকরণের উদ্দেশ্যে আধুনিক শিক্ষা পদ্ধতিগুলি গ্রহণ করে বিভিন্ন ক্ষেত্রের দক্ষতা বৃদ্ধি করতে হবে বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত শর্মা মত প্রকাশ করেছেন । বি বরুয়া কলেজের ৮২ তম প্রতিষ্ঠা দিবসে ভাষণ প্রসঙ্গে মূখ্যমন্ত্রী বলেন যে প্রগতীশীল বিশ্বের পরিবর্তিত দিকগুলির প্রতি লক্ষ্য রেখে ছাত্র ছাত্রীদের নিজেকে চাকুরীর বাজারে যোগ্য করে তোলার জন্য বিভিন্ন দক্ষতা আহোরণ করতে হবে । আসাম সম্প্রতি শিল্পায়নে এগিয়ে গেছে বলে উল্লেখ করে মূখ্যমন্ত্রী বলেন যে রাজ্যে বর্তামনে এ আই ,রোবোটিক্স,ব্লকচেইন ,থ্রিডি প্রিন্টিং ইত্যাদির মতো প্রযুক্তিতে শিক্ষিত অনেক দক্ষ লোকের প্রয়োজন রয়েছে । বি বরুয়া কলেজ ছাত্র ছাত্রীদের উপযুক্ত দক্ষতা আহোরণ করার ক্ষেত্রে গুরুত্বপূর্ন ভূমিকা গ্রহণ করে আসছে বলেও মূখ্যমন্ত্রী ড.শর্মা মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় ইস্পাত মন্ত্রী এইচ ডি কুমারস্বামী সদ্য অনুমোদিত প্রধানমন্ত্রী ই-বাস সেবা পেমেন্ট সিকিউরিটি মেকানিজম প্রকল্পটি ২০২৪-২৫ অর্থবছর থেকে ২০২৮-২৯ অর্থ বছর পর্যন্ত ৩৮ হাজারেরও অধিক ইলেকট্রিক বাস চালু করায় সহায়তা করবে বলে জানিয়েছেন । এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা জানিয়ে আরো বলেন যে

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে কেন্দ্রীয় মন্ত্রীসভা সরকারী পরিবহণ ই-বাস ক্রয় ও পরিচালনার জন্য তিন হাজার ৪৩৫ দশমিক ৩-৩ কোটি টাকা ব্যয় সাপেক্ষ প্রকল্পটিতে অনুমোদন জানিয়েছে । উল্লেখ্য বর্তমানে চলাচল করা বাসগুলির অধিকাংশ ডিজেল এনং সি এন জির দ্বারা চলাচল করার ফলে পরিবেশের ওপর বিরূপ প্রভাব পড়ে । ই-বাসগুলি তুলনামূলকভাবে পরিবেশ অনুকূল এবং পরিচালনা ব্যয় কম হবে বলেও তিনি জানান ।

-------------------------------------------------------------------------------------

জাতীয় খাদ্য সুরক্ষা ও মানদন্ড কতৃপক্ষ দেশের সব রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের খাদ্য সুরক্ষা আয়ুক্ত , জাতীয় খাদ্য সুরক্ষা ও মাণদন্ড কতৃপক্ষ আঞ্চলিক সহ এর সংগে জড়িত সকলকে উৎসবের মরশুমে ব্যবসায়ীরা মিষ্টি ও গরুর দুধ থেকে উৎপাদিত সামগ্রীগুলিতে যাতে ভেজাল কিছু না মেশান সেই ক্ষেত্রে তীক্ষ্ন দৃষ্টি রাখা সহ পরীক্ষা করতে নির্দেশ জারি করেছেন ।

-------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় পর্ষদের অধ্যক্ষ হিসেবে আজ অবসরপ্রাপ্ত আই এ এস আধিকারিক রমেশ চান্দ জৈন ও উপাধ্যক্ষ হিসেবে রুক্মি গোহাই বরুয়া শপথ গ্রহণ করেন । মাধ্যমিক শিক্ষা পর্ষদের কার্যালয়ে আয়োজিত শপথ গ্রহণ অনুষ্ঠানে পর্ষদের অন্যান্য সদস্যরাও শপথ গ্রহণ করেন । অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রী ড: রণোজ পেগু অংশ নিয়ে বলেন যে জাতীয় শিক্ষানীতির সংগে সংগতি রেখে গঠন করা রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ মূলত মাধ্যমিক পর্যায়ের শিক্ষার জন্য দায়বদ্ধ হবে ।পর্ষদ বিদ্যায়তনিক দিকসমূহ সহ পরীক্ষা গ্রহণ , প্রমাণপত্র দেওয়া , পাঠ্যক্রম প্রস্তুত করা ইত্যাদি কাজ করবে ।ড: পেগু বলেন যে বর্তমানে দক্ষতা ভিত্তিক শিক্ষার উপর যথেষ্ট গুরুত্ব আরোপ করা হচ্ছে ।সেই অনুযায়ী ব্যবহারিক , দক্ষতা ভিত্তিক , শিক্ষা , শিক্ষার্থীরা যাতে বিদ্যালয়ে গ্রহণ করতে পারে সেজন্য রাজ্যের উচ্চতর মাধ্যমিক ও বহুমুখী বিদ্যালয়গুলিকে পুনরজ্জীবিত করার ব্যবস্থা গ্রহণ করা হবে । শিক্ষামন্ত্রী মাধ্যমিক পর্যায়ে বিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধি করার প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে বলে জানান ।মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা বর্তমানের চার হাজার ৫০০ থেকে ৬ হাজারে বৃদ্ধি করা হবে বলে ও শিক্ষামন্ত্রী জানান ।শিক্ষামন্ত্রী বিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়নের জন্য সরকার ৮ কোটি টাকা করে প্রদান করা হবে বলে জানিয়েছেন ।

-------------------------------------------------------------------------------------

আসাম বিশ্ববিদ্যালয়ের দু দিনের ২১তম সমাবর্তন আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ের নেতাজী সুভাষ মুক্ত মঞ্চে শুরু হয়েছে । সমাবর্তনে আজ প্রাক্তন

কেন্দ্রীয় মন্ত্রী কবীন্দ্র পুরকায়স্থ , লেখক ও অনুবাদক দিগন্ত শর্মা এবং সাহিত্যিক পদ্মশ্রী রংবন টেরংকে ডক্টরেট ডিগ্রী প্রদান করা হয় ।এছাড়া ২০২ জন ছাত্র ছাত্রীকে পি এইচ ডি ডিগ্রী এবং ৭০ জনকে স্বর্ণপদক প্রদান করা হয় । আসাম বিশ্ববিদ্যালয়ের আচার্য্য তথা প্রাক্তন বায়ু সেনা প্রধান অরূপ রাহার পৌরহিত্যে আয়োজিত সমাবর্তন অনুষ্ঠানে মধ্যপ্রদেশের ডক্টর হরি সিং গৌর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপিকা নীলিমা গুপ্তা মূখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । এছাড়াও সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপক রাজীব মোহন পন্থ , রেজিষ্টার ডক্টর প্রদোষকিরন নাথ প্রমূখ উপস্থিত ছিলেন ।

------------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায় আগামী ১৫ ও ২৯শে সেপ্টেম্বর অনুষ্ঠেয় আসাম ডাইরেক্ট রিক্রুটমেন্ট পরীক্ষা নির্বিঘ্নে সম্পূর্ন করতে সমগ্র রাজ্য শিক্ষা মিশনের ডিরেক্টর তথা করিমগঞ্জ জেলার কেন্দ্রীয় পর্য্যবেক্ষক ওম প্রকাশ আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে প্রশাসনের শীর্ষ আধিকারীকদের সঙ্গে একটি পর্য্যালোচনা বৈঠকে অংশগ্রহন করেন । সভায় জানানো হয় যে পরীক্ষা কেন্দ্রের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হবে । এছাড়া পরীক্ষার্থীরা এডমিট কার্ড, কলম, পেন্সিল ,রাবার ও স্কেল ছাড়া অন্য কোন সামগ্রী নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না । নির্দেশ অমান্য করলে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে ।

------------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ শহরে অনুষ্ঠেয় আসাম ডাইরেক্ট রিক্রুটমেন্ট এক্সামিনেশন ( এ ডি আর ) পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে এবং পরীক্ষার্থীদের পরীক্ষা কেন্দ্রে আসা যাওয়া সুনিশ্চিত করতে করিমগঞ্জ সদর চক্রের চক্র আধিকারিক ছন্তর বাজার ও পি ডব্লিউডি বাজার সহ রাস্তার পাশে অস্থায়ী বাজারগুলি ওই দিন বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন । নির্দেশে আগামী রবিবার ভোর চারটে থেকে বিকেল তিনটা পর্যন্ত ওই এলাকার রাস্তার পাশে অস্থায়ী বাজারগুলি বন্ধ থাকবে বলে জানানো হয়েছে । উল্লেখ্য করিমগঞ্জের জেলা আয়ুক্ত ইতিমধ্যে জেলার পাঁচটি রাজস্ব চক্রের চক্র আধিকারিকদের পরীক্ষার্থীদের নির্বিঘ্নে পরীক্ষা কেন্দ্রে আসা যাওয়া সুনিশ্চিত করতে সংশ্লিকষ্ট পুলিশ থানার ভারপ্রাপ্ত আধিকারিকের সঙ্গে পরামর্শ করে ব্যাবস্থা গ্রহণ করার নির্দেশ দিয়েছেন ।

------------------------------------------------------------------------------------------